



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/21/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল একটি নতুন আইনে স্বাক্ষর করেছেন, যার মাধ্যমে বেসরকারি সেক্টরের কর্মীদের জন্য অবসরকালীন পরিকল্পনার সুরক্ষা নিশ্চিত করা যাবে।

আইন (S.5395-A/A.3213-A) এর শর্ত অনুযায়ী বেসরকারি সেক্টরের কর্মীদেরকে অটোমেটিকভাবে নিউ ইয়র্ক স্টেটের সিকিওর চয়েস সেভিংস প্ল্যানে নথিভুক্ত করতে হবে

গভর্নর ক্যাথি হোচুল আজ নতুন আইনে স্বাক্ষর করার মাধ্যমে বেসরকারি সেক্টরের কর্মীদের অবসরকালীন পরিকল্পনার সুরক্ষা নিশ্চিত করেছেন। এবার যেসব বেসরকারি সেক্টরের কর্মীদেরকে তাদের নিয়োগকর্তারা অবসরকালীন পরিকল্পনা প্রদান করে না, তারা অটোমেটিকভাবে নিজেদের কর্মীদেরকে নিউ ইয়র্ক স্টেটের সিকিওর চয়েস সেভিংস প্ল্যানে নথিভুক্ত করবে, যার মাধ্যমে সুবিধাজনক উপায়ে, কম খরচে এবং পোর্টেবল উপায়ে অবসরের পরিকল্পনার প্রচার করা হয়। কর্মীরা যে কোনও সময় প্রোগ্রামের আওতা থেকে নিজেদের সরিয়ে নিতে পারেন।

"নিউ ইয়র্কবাসীরা অর্থনৈতিক দিক থেকে মজবুত জায়গায় রয়েছেন, তা নিশ্চিত করার জন্য তাদের কাছে এবার একটি বিশ্বাসযোগ্য অবসরকালীন পরিকল্পনা আছে," বলেছেন **গভর্নর হোচুল**। "এই আইন প্রণয়নের মাধ্যমে সমস্ত কর্মীরা নিজেদের অবসরের ব্যাপারে স্বস্তি এবং নিরাপত্তা পাবেন।"

2015 সালের "নিউ ইয়র্ক স্টেট সিকিওর চয়েস সেভিংস প্রোগ্রাম অ্যাক্ট" এর ভিত্তিতে তৈরি সিকিওর চয়েস সেভিংস প্ল্যান হল অটোমেটিক এনরোলমেন্ট পেরোল ডিডাকশন IRA আকারের একটি আত্ম-নির্ভর রিটায়ারমেন্ট সেভিংস প্রোগ্রাম। এই প্রোগ্রামটি পরিচালনা করবে নয়জন নিয়োজিত সদস্য নিয়ে গঠিত নিউ ইয়র্ক স্টেট সিকিওর চয়েস সেভিংস বোর্ড। বোর্ডের বিবেচনাক্রমে প্রোগ্রামের উন্নয়ন এবং বাস্তবায়নের কাজটি পরিচালনা করবে দ্য ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্স।

সেনেটর ডিয়ানে সাভিনো বলেন, "এরকম লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসী আছেন যাদের একটি সুরক্ষিত অবসরকালীন পরিকল্পনা নেই। তবে এবার তা হবে না। NYS সিকিওর চয়েস সেভিংস প্রোগ্রামে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলের প্রশংসা করতেই হবে। প্রত্যেকেই যখন 22 বা 23 বছর বয়সে থাকেন, তখন তারা মনে করেন যে তাদের বয়স কখনোই 52 বা 53-তে পৌঁছাবে না। তারা মনে করেন অবসর জীবনের সঞ্চয়ের জন্য তাদের কাছে সময় আছে।

সিকিওর চয়েসের মাধ্যমে বেসরকারী সেক্টরের কর্মীদেরকে অবসরের সঞ্চয়ের জন্য অটোমেটিক, পোর্টেবল উপায় প্রদান করা হচ্ছে, যা তাদের অবসর জীবনেও রোজগারের সুরক্ষা নিশ্চিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য রবার্ট রডরিগেজ বলেন, "সিকিওর চয়েস সেভিংস প্ল্যানকে বাস্তবে পরিণত করার জন্য গভর্নর ক্যাথি হোচুলকে আমি ধন্যবাদ জানাই। সিকিওর চয়েস সেভিংস প্ল্যান সবার জন্য উপলভ্য করার মাধ্যমে অটোমেটিকভাবে রিটায়ারমেন্টের জন্য নিউ ইয়র্কবাসীদের মধ্যে থেকে বৈষম্য দূর করতে এটি নিউ ইয়র্কবাসীদেরকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করে – এবং তাদেরকে এই ভরসা জোগায় যে বৃদ্ধ বয়সেও তারা আর্থিক সুরক্ষার সুবিধা থেকে বঞ্চিত হবেন না। কঠোর পরিশ্রমকারী নিউ ইয়র্কবাসীদের ভবিষ্যতের জন্য আজ একটি বিশাল গুরুত্বপূর্ণ এবং বিজয়ী হওয়ার দিন। আমার পার্টনার সেনেটর ডিয়ানে সাভিনো এবং AARP-এর সাহায্য ছাড়া এটি সম্ভব ছিল না।"

AARP নিউ ইয়র্ক স্টেট ডিরেক্টর বেথ ফিনকেল বলেন, "আর্থিক সুরক্ষা এবং স্বাধীনভাবে অবসর জীবনযাপন করতে লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর জন্য গভর্নর হোচুল কাজ করছেন – এর পাশাপাশি কর্মীদের আকর্ষণ করতে এবং তাদের রিটেন করার জন্য ছোট ব্যবসায়িক একটি কার্যকর উপায় প্রদান করছে। এই বিলকে স্বাক্ষর করার মাধ্যমে আইনে পরিণত করার জন্য AARP গভর্নরের প্রশংসা করছে এবং 2018 সালে চালু হওয়ার আগে পর্যন্ত সিকিওর চয়েসে সহায়তা করার জন্য তাকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া অরিজিনাল লেজিসলেশন এবং বিলকে আইনে পরিণত করার মাধ্যমে – এবং আইনী প্রক্রিয়ার মাধ্যমে উভয়কে পরিচালিত করার জন্য আমরা বিল স্পনসর, সেনেটর ডিয়ানে সাভিনো এবং অ্যাসেম্বলির সদস্য রবার্ট রডরিগেজকে এই প্রোগ্রাম তৈরি করে অক্লান্ত পরিশ্রম করার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)